ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

ঢাকা-১২৩১।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরিবহন (নীতিমালা) সংক্রান্ত প্রবিধান-২০২৩

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অস্থায়ী ক্যাম্পাস মোহাম্মদপুরস্থ বছিলা, ঢাকায় অবস্থিত। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণের আবাসন ব্যবস্থা গড়ে উঠেনি বিধায় শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ প্রতিদিন ঢাকা ও এর আশপাশের বিভিন্ন অঞ্চল থেকে যাতায়াত করেন। জাতীয় সংসদ কর্তৃক ২০১৩ সালের ২৫ সেপ্টেম্বর ৩৭ নং পাশকৃত আইন অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৫ সালে প্রতিষ্ঠিত একটি স্বায়ত্তশাসিত পাবলিক বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক, একাডেমিক, পরীক্ষা সংক্রান্ত যাবতীয় দাপ্তরিক ও আনুষঙ্গিক কারণে যানবাহনের প্রয়োজন হয়। এ অবস্থার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের যানবাহন সংগ্রহ, সংরক্ষণ, মেরামত, অকেজো যানবাহন বিক্রয় ও ব্যবহারের সুষ্ঠু প্রবিধান প্রণয়ন প্রয়োজন। পরিবহন প্রবিধান প্রণয়নের উদ্দেশ্য হচ্ছে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে যাতায়াত নিশ্চিতকরণের লক্ষ্যে যানবাহন সংগ্রহ/ক্রয়/বিক্রয়/সংরক্ষণ/দ্রুত মেরামতসহ পরিবহন সংশ্লিষ্ট আনুষঙ্গিক কার্য যথাযথভাবে সম্পন্ন করা। দাপ্তরিক ও ব্যক্তিগত গাড়ির ব্যবহার সুষ্ঠুভাবে সম্পাদন করা। এ প্রেক্ষাপটে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অফিস থেকে ঢাকার মধ্যে সর্বোচ্চ ৩০ কি.মি. গাড়িগুলো চলাচলের সীমানা নির্ধারণ করে পরিবহন (নীতিমালা) সংক্রান্ত প্রবিধান-২০২৩ প্রণীত হলো।

১। **সংক্ষিপ্ত শিরোনাম:** এ প্রবিধান ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরিবহন (নীতিমালা) সংক্রান্ত প্রবিধান-২০২৩ নামে অভিহিত হবে।

২। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে, এ প্রবিধানে:-

ক. 'বিশ্ববিদ্যালয়' বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে বুঝাবে;

খ. 'প্রধান নির্বাহী কর্মকর্তা' বলতে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরকে বুঝাবে;

গ. 'যানবাহন' বলতে বিশ্ববিদ্যালয়ের সকল ধরনের যান্ত্রিক যানবাহন যথা- কার, জীপ, মাইক্রোবাস, এ্যাম্বুলেন্স, মিনিবাস, বাস, কাভার্ড ভ্যান, পিকআপ, ট্রাক, লরি, মটরসাইকেল ও ভাড়া করা যানবাহন ইত্যাদিকে বুঝাবে;

ঘ. 'কর্তৃপক্ষ' বলতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট/অর্থ কমিটি/কে বুঝাবে;

ঙ. 'বিভাগীয় প্রধান' বলতে বিশ্ববিদ্যালয়ের বিভাগসমূহের পরিচালক/দায়িত্বপ্রাপ্ত হিসেবে বিভাগ প্রধান কে বুঝাবে;

চ. 'ডিন' বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী গঠিত কেন্দ্রসমূহের প্রধানকে বুঝাবে;

ছ. 'কর্মচারী' বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে বুঝাবে;

(জ) 'দাপ্তরিক দায়িত্ব' বলতে দপ্তরের সাথে সম্পৃক্ত সকল ধরণের কাজকে বুঝাবে;

(ঝ) 'কেন্দ্র' বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী গঠিত কেন্দ্রসমূহকে বুঝাবে;

(ঞ) 'পরিবহন কমিটি' বলতে বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত পরিবহন কমিটিকে বুঝাবে।

10.06.23

৩। পরিবহন কমিটিঃ

নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বিশ্ববিদ্যালয়ের একটি পরিবহন কমিটি গঠিত হবেঃ-

(ক) ভাইস চ্যান্সেলর যিনি উহার সভাপতি হবেন;

(খ) ট্রেজারার;

(গ) রেজিস্ট্রার;

(ঘ) পরিচালক (অর্থ ও হিসাব);

(ঙ) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন);

(চ) প্রধান প্রকৌশলী;

(ছ) ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক (ডিন/অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/প্রভাষক) ও একজন কর্মকর্তা;

(জ) পরিবহন পরিচালক বা পরিবহন বিভাগের প্রধান বা পরিবহন বিভাগে যিনি দায়িত্বশীল থাকবেন তিনি সচিবের দায়িত্ব পালন করবেন;

মনোনীত সদস্য ০২ (দুই) বছর মেয়াদে স্ব-পদে অধিষ্ঠিত থাকবেন। তবে শর্ত থাকে যে, তার মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তার স্থলাভিষিক্ত ব্যক্তি কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি তার স্বপদে বহাল থাকবেন।

৪। পরিবহন কমিটির দায়িত্ব ও কর্তব্যঃ

পরিবহন কমিটির উপর নিম্নবর্ণিত দায়িত্ব ও কর্তব্য বর্তাবেঃ-

(ক) বিশ্ববিদ্যালয়ের পরিবহন ক্রয়, রক্ষণাবেক্ষন ও ব্যবহার সম্পর্কে সুপারিশ প্রণয়ন, সার্বিক ব্যবস্থাপনা ও দিক নির্দেশনা প্রদান করা।

(খ) বিশ্ববিদ্যালয়ের পরিবহন চলাচলের রুট নির্ধারণ সম্পর্কে সুপারিশ করা।

(গ) বিশ্ববিদ্যালয়ের পরিবহন ব্যবহার বিধি, ভাড়া নির্ধারণ ও ভাড়া আদায় পদ্ধতি নির্ধারণ সম্পর্কে সুপারিশ করা।

(ঘ) বিশ্ববিদ্যালয়ের পরিবহন শাখার জন্য কর্মকর্তা ও কর্মচারীর পদ সৃষ্টি ও বিলোপ করার সুপারিশ করা।

(ঙ) পরিবহন বিষয়ক অন্য যে কোন নীতি নির্ধারণ বিষয়ে সুপারিশ করা।

৫। পরিবহন কমিটির সভাঃ

(ক) পরিবহন কমিটির সভা প্রতি ৩ (তিন) মাস অন্তর অনুষ্ঠিত হবে। তবে প্রয়োজনে যেকোনো সময়ে সভা আহ্বান করা যাবে;

(খ) পরিবহন কমিটির সভা অনুষ্ঠানের জন্য কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে বিজ্ঞপ্তি জারি করতে হবে, তবে জরুরী সভা স্বল্প সময়ের বিজ্ঞপ্তিতে আহ্বান করা যাবে;

(গ) পরিবহন কমিটির সভাপতি সকল সভায় সভাপতিত্ব করবেন। তবে সভাপতির অনুপস্থিতে তার মনোনীত প্রতিনিধি সভায় সভাপতিত্ব করবেন;

(ঘ) পরিবহন কমিটির সভায় কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অন্যূন এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হবে এবং এই উদ্দেশ্যে যে কোনো ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা বলে গণ্য করা হবে।

৬। যানবাহন সংগ্রহ/ক্রয় ও বিক্রয় পদ্ধতিঃ

ক. যানবাহন সংগ্রহ/ক্রয়ঃ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল ও পরিবহন দপ্তরসহ অন্যান্য বিভাগ/ইউনিট/দপ্তর/শাখার চাহিদার পরিপ্রেক্ষিতে চাহিদা নিরূপণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের আলোকে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এর অনুমোদনক্রমে অত্র বিশ্ববিদ্যালয়ের উপযুক্ত একজনকে আহ্বায়ক করে ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট কমিটি স্পেসিফিকেশনসহ প্রাক্কলন প্রস্তুত করবেন। উক্ত স্পেসিফিকেশনসহ প্রাক্কলন বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি ও সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত হলে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮/সংশোধিত বিধি/আইন মোতাবেক যানবাহন সংগ্রহ/ক্রয় কার্য সম্পাদন করা যাবে।

খ. যানবাহন বিক্রয়ঃ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত গাড়ির আয়ুষ্কাল ১০ (দশ) বছর অতিক্রান্ত হওয়ার পর গাড়ির ইঞ্জিন এবং বডির মানের উপর ভিত্তি করে অকেজো (Condemned) করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে। পরিবহন কমিটির সুপারিশক্রমে অকেজো (Condemned) ঘোষণাকরণের জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে উপযুক্ত একজনকে আহ্বায়ক করে উচ্চ ক্ষমতাসম্পন্ন ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি কমিটি থাকবে। এই কমিটি গাড়ি ক্রয়ের তারিখ হতে সভা আহ্বানের তারিখ পর্যন্ত গাড়ির সর্বমোট খরচের পরিমাণ এবং বর্তমান অবস্থা সরেজমিনে পর্যালোচনা করে অকেজো (Condemned) ঘোষণাকরণের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এর নিকট প্রতিবেদন দাখিল করবেন। দাখিলকৃত প্রতিবেদন বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি ও সিন্ডিকেট কর্তৃক অনুমোদনক্রমে সিন্ডিকেটের সিদ্ধান্ত মোতাবেক গাড়ি বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে। তবে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ সংশোধিত বিধি/আইন অনুসরণপূর্বক প্রত্যেকটি গাড়ির জন্য পৃথক পৃথক টেন্ডার ডকুমেন্ট তৈরি করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে।

গ. গাড়ি অকেজো (Condemned) ঘোষণার জন্য নিম্নলিখিত বিষয় বিবেচিত হবেঃ

- মডেল পরিবর্তনের ফলে বাজারে যন্ত্রাংশ সহজলভ্য না হলে;
- মেরামত করে প্রথম শ্রেণীর পর্যায়ভুক্ত করতে যে সমস্ত যানবাহনের বর্তমান মূল্যের ৫০% এর বেশি ব্যয় হবে এরূপ যানবাহন;
- দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ যে সকল যানবাহন দুমড়ে মুচড়ে গেছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এরূপ যানবাহন;
- অধিকাংশ যন্ত্রপাতি ক্ষতি হয়েছে (ইঞ্জিন ও গিয়ার বক্স) এমন যানবাহন;
- কোনো বড় রকমের যান্ত্রিক ত্রুটির কারণে রাস্তায় চালানো বিপদজনক এরূপ যানবাহন।

৭। যানবাহন ব্যবহার বিষয়ক নিয়মাবলিঃ

ক. ভাইস চ্যান্সেলরঃ

- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে ভাইস চ্যান্সেলর সার্বক্ষণিক যানবাহন ব্যবহার করবেন;
- ভাইস চ্যান্সেলর প্রয়োজন অনুযায়ী আরো একটি যানবাহন ব্যবহার করবেন;